

সুনাম ও শেয়ারের মূল্য নির্ধারণ


Valuation of Goodwill and Share



ভূমিকা

Introduction

একটি প্রতিষ্ঠানে নানা ধরনের সম্পত্তি থাকে। সুনাম এর মধ্যে অন্যতম। সুনাম হলো প্রতিষ্ঠানের সুখ্যাতির ফল। প্রতিষ্ঠানের সুখ্যাতির সাথে মুনাফা অর্জন ক্ষমতার নিবিড় সম্পর্ক রয়েছে। মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি পেলে সুনামও বৃদ্ধি পায়। নানাবিধ কারণে একটি প্রতিষ্ঠানে সুনামের মূল্য নির্ধারণের প্রয়োজন পড়ে। এ অধ্যায়ে সুনামের মূল্য নির্ধারণ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে। যৌথ মূলধনী কোম্পানির মোট মূলধনকে কতগুলো ক্ষুদ্র ক্ষুদ্র সমান অংশে বিভক্ত করা হয়, এদের প্রতিটিকে একেকটি শেয়ার বলে। নতুন ইস্যুকৃত শেয়ারের একটি অভিহিত মূল্য থাকে। তবে কোম্পানি পরিচালনার ফলে কয়েক বছর পর এর নিট সম্পদের পরিবর্তন ঘটে, ফলে শেয়ারের মূল্যেরও পরিবর্তন হয়। তাই শেয়ারের প্রকৃত মূল্য জানার প্রয়োজনীয়তা দেখা দেয়। এ অধ্যায়ে সুনামের মূল্য নির্ধারণের পাশাপাশি শেয়ারের মূল্য নির্ধারণ নিয়েও বিস্তারিত আলোচনা করা হয়েছে।



ইউনিট সমাপ্তির সময়

ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ১ সপ্তাহ

এ ইউনিটের পাঠসমূহ

- পাঠ-২.১ : সুনামের প্রাথমিক আলোচনা।
- পাঠ-২.২ : সুনামের মূল্য নির্ধারণের প্রয়োজনীয়তা ও প্রভাব সৃষ্টিকারী উপাদানসমূহ।
- পাঠ-২.৩ : সুনামের মূল্য নির্ধারণের পদ্ধতিসমূহ।
- পাঠ-২.৪ : শেয়ারের মূল্য নির্ধারণের প্রাথমিক আলোচনা।
- পাঠ-২.৫ : শেয়ারের মূল্য নির্ধারণের পদ্ধতিসমূহ।
- পাঠ-২.৬ : গাণিতিক সমস্যাবলী ও সমাধানসমূহ।



মুখ্য শব্দ

সুনাম, শেয়ার, সুনাম মূল্যায়ন, শেয়ার মূল্যায়ন, অভিহিত মূল্য, অলীক সম্পত্তি, পেটেন্ট ও ট্রেডমার্ক, অস্পর্শনীয় সম্পত্তি, স্পর্শনীয় সম্পত্তি, গড়মুনাফা, স্বাভাবিক মুনাফা, অতি মুনাফা, বিনিয়োগিত মূলধন, বর্ষ গুনক।

পাঠ-২.১

সুনামের প্রাথমিক আলোচনা

Preliminary Discussion on Goodwill



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- সুনাম কী তা বলতে পারবেন।
- সুনামের প্রকৃতি ব্যাখ্যা করতে পারবেন।
- সুনামের প্রকারভেদবলতে পারবেন।
- সুনাম কীভাবে সৃষ্টি হয়, তা বলতে পারবেন।

সুনামের সংজ্ঞা

Definition of goodwill

সাধারণত: সুনাম বলতে যশ বা খ্যাতিকে বুঝায়। কোনো প্রতিষ্ঠানের বাণিজ্যিক সুনাম বলতে যশ বা খ্যাতির কারণেই প্রতিষ্ঠান একই প্রকৃতির অন্য কোনো প্রতিষ্ঠান থেকে যে বাড়তি মুনাফা অর্জনের ক্ষমতা রাখে তার আর্থিক মূল্যকে বুঝায়। অস্পর্শনীয় সম্পত্তিগুলোর মধ্যে সুনাম সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পত্তি। সুনামের অস্তিত্ব প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতার ওপর নির্ভরশীল। প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি পেলে সুনামও বৃদ্ধি পায়। Merriam-Webster এর মতে, The favor or advantages that a business has acquired especially through its brands and its good reputation is called goodwill. লর্ড মেগনাটন এর মতে, কোনো প্রতিষ্ঠানের সুনাম বলতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কারবারি জগতে ঐ প্রতিষ্ঠানের খ্যাতি বা ক্রেতাদের সাথে তার ঘনিষ্ঠতাজনিত সুবিধাকে বোঝায়। তার মতে, এ সুনামের দ্বারাই কোনো একটি সুপ্রতিষ্ঠিত কারবারকে অন্য একটি প্রতিষ্ঠান হতে আলাদা করা যায়।

মোট কথা হলো, পণ্যের উৎকৃষ্ট মান, প্রতিষ্ঠানের সুবিধাজনক অবস্থান, কর্মচারীদের দক্ষতা, মালিকের ব্যক্তিগত সুখ্যাতি, ব্রান্ড নাম, প্রভৃতি বহু উপাদানের সমষ্টিগত ফলাফলই সুনাম। সুনাম ক্রয়কৃত অথবা অভ্যন্তরীণভাবে সৃষ্ট উভয় ধরনেরই হতে পারে।

সুনামের প্রকৃতি

Nature of goodwill

সুনামের কোনো আকার বা বস্তুগত অস্তিত্ব নেই। এটি একটি অদৃশ্য ও অস্পর্শনীয় সম্পত্তি, তবে কাল্পনিক সম্পত্তি নহে কারণ ইহার বাজার মূল্য রয়েছে। সুনাম অনেক সময় দৃশ্যমান সম্পত্তি হতেও অধিক মূল্যবান হিসেবে প্রতীয়মান হতে পারে। প্রতিষ্ঠানের প্রত্যাশিত স্বাভাবিক আয়ের অতিরিক্ত আয়ের ধারণাই সুনাম হিসেবে দেখানো হয়। তবে ব্যবসায়ের সুনাম একটি বহু আলোচিত ও বিতর্কিত বিষয়। কারণ প্রতিষ্ঠানের নিট ক্ষতি হওয়া সত্ত্বেও সুনামকে উদ্বর্তপত্রে সম্পদ হিসেবে প্রদর্শন করা হয়। অধ্যাপক ডিকসির মতে, যখন কোনো ব্যক্তি সুনামের জন্য কোনো মূল্য প্রদান করে, তখন সে আসলে এমন কোনো কিছুর জন্য অর্থ প্রদান করে, যা তাকে অতিরিক্ত মুনাফা অর্জনে সাহায্য করবে। এ অতিরিক্ত মুনাফা সুনামের সাহায্য ছাড়া স্বচেষ্টায় উপার্জন করা তার পক্ষে সম্ভব হবেনা। প্রতিষ্ঠানের অবস্থান, বয়স, কর্মচারীদের সুমিষ্ট ব্যবহার, মালিকের ব্যক্তিগত যশ বা খ্যাতি, খরিদারের প্রকৃতি, সঠিক মূল্য, প্রভৃতি কারণে একেক প্রতিষ্ঠানের সুনামের প্রকৃতি একেক রকমের হয়ে থাকে।

সুনামের প্রকারভেদ

Types of goodwill

একটি প্রতিষ্ঠানে সুনাম হলো অস্পর্শনীয় স্থায়ী সম্পত্তি। একেক প্রতিষ্ঠান একেক কারণে সুনামের অধিকারী হয়ে থাকে। সুনামকে বিভিন্নভাবে শ্রেণিবিভাগ করা যায়, যা নিম্নে উল্লেখ করা হলো :

- (ক) **ঐতিহ্যগত সুনাম** :বহুদিন ধরে কারবার পরিচালিত হলে অর্থাৎ প্রতিষ্ঠান অনেক পুরোনো হলে ভোক্তাদের মধ্যে উক্ত প্রতিষ্ঠানের উপর আস্থা-বিশ্বাস তৈরি হয়। এ আস্থা-বিশ্বাসতৈরি হওয়ার কারণে সুনাম সৃষ্টি হয়।
- (খ) **অবস্থানগত সুনাম** : একটি নির্দিষ্ট বাজারে বা নির্দিষ্ট স্থানে বা নির্দিষ্ট এলাকায় একই ধরনের পণ্য বহু দিন যাবত প্রাপ্য গলে ভোক্তাদের মধ্যে উক্ত পণ্য প্রাপ্যতার বিশ্বাস তৈরি হয়। ফলে প্রতিষ্ঠানের সুনাম সৃষ্টি হয়।
- (গ) **পণ্যের সুনাম** :কোনো প্রতিষ্ঠান যদি দীর্ঘদিন ধরে গুণগত পণ্য সরবরাহ করে, তাহলে উক্ত পণ্য ব্রান্ড হিসেবে ভোক্তাদের কাছে পরিচিত হয়ে ওঠে। তাতে প্রতিষ্ঠানের সুনাম সৃষ্টি হয়।
- (ঙ) **পরিচালনাগত সুনাম** :ব্যবস্থাপক বা পরিচালকমণ্ডলী দক্ষতা ও অভিজ্ঞতার সাথে কারবার পরিচালনা করলে প্রতিষ্ঠান ব্যবসায়িকভাবে সফল হয় এবং সুনাম তৈরি হয়।
- (চ) **ব্যক্তিগত সুনাম** : প্রতিষ্ঠানের কোনো দক্ষ কর্মচারী, কর্মকর্তা বা সুপরিচিত মালিক পক্ষের বিশেষ কোনো সুপরিচিতির কারণে অনেক সময় সুনাম সৃষ্টি হয়।

সুনাম সৃষ্টিতে সাহায্যকারী উপাদানসমূহ

Factors that helping for creating Goodwill

সুনাম একটি প্রতিষ্ঠানের অদৃশ্য সম্পত্তি। একটি প্রতিষ্ঠানের সুনাম সৃষ্টিতে বিভিন্ন বিষয় প্রভাব বিস্তার করে। নিম্নে কয়েকটি উল্লেখ করা হলো:-

১. ক্রেতার সাথে সুমিষ্ট ব্যবহার।
২. পণ্য বা সেবার উৎকর্ষতা বা গুণাগুণ।
৩. পরিচালনা বা ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্টদের ব্যক্তিগত সুনাম ও দক্ষতা।
৪. প্রতিষ্ঠানের সুবিধাজনক অবস্থান।
৫. গ্রন্থস্বত্ব ও পেটেন্ট স্বত্বের অধিকার।
৬. ব্যবসায়ের প্রকৃতি ও কাঁচামাল সংগ্রহের সুবিধা।



সারসংক্ষেপ:

সুনাম একটি প্রতিষ্ঠানের সুখ্যাতির ফল। প্রতিষ্ঠানের পণ্যের মান, সেবা, কর্মচারীদের দক্ষতা ও আন্তরিকতা এবং ভোক্তাদের আচরণের উপর সুনাম অনেকাংশে নির্ভরশীল। সুনামকে আমরা বিভিন্নভাবে শ্রেণিবিভাগ করতে পারি। যেমন: ঐতিহ্যগত সুনাম, অবস্থানগত সুনাম, পণ্যের সুনাম, পরিচালনাগত সুনাম, ব্যক্তিগত সুনাম ইত্যাদি। ক্রেতার সাথে সুমিষ্ট ব্যবহার, পণ্য বা সেবার উৎকর্ষতা, প্রতিষ্ঠানের সুবিধাজনক অবস্থান প্রভৃতি সুনাম সৃষ্টিতে সহায়তা করে থাকে।

পাঠ-২.২

সুনামের মূল্য নির্ধারণের প্রয়োজনীয়তা ও প্রভাব সৃষ্টিকারী উপাদানসমূহ
Necessities of and Factors Affecting the Valuation of Goodwill

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- সুনামের মূল্য নির্ধারণের প্রয়োজনীয়তা সম্পর্কে বলতে পারবেন।
- সুনাম মূল্যায়নে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ বর্ণনা করতে পারবেন।



সুনামের মূল্য নির্ধারণের প্রয়োজনীয়তা

Necessities of the valuation of goodwill

কোনো প্রতিষ্ঠান যখন বিক্রয় করা হয় কিংবা প্রতিষ্ঠানে যখন মালিকানা বা সাংগঠনিক কাঠামোতে পরিবর্তন আসে তখন সুনামের মূল্য নির্ধারণের প্রয়োজনীয়তা দেখা দেয়। নিম্নে সুনামের মূল্য নির্ধারণের প্রয়োজনীয় ক্ষেত্রগুলোর সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হলো:

ক) একমালিকানা কারবারের ক্ষেত্রে:

- এক মালিকানা প্রতিষ্ঠানটি অপর কোনো ব্যক্তির নিকট বিক্রয় করা হলে,
- প্রতিষ্ঠানটিকে অংশীদারী কারবারে রূপান্তর করা হলে,
- প্রতিষ্ঠানটিকে কোম্পানিতে রূপান্তর করা হলে সুনামের মূল্য নির্ধারণের প্রয়োজন হয়।

খ) অংশীদারী কারবারের ক্ষেত্রে:

- নতুন অংশীদার গ্রহণ করা হলে,
- পুরাতন কোনো অংশীদারের মৃত্যু বা অবসর গ্রহণ করলে,
- অংশীদারী প্রতিষ্ঠান একত্রীকরণ বা গ্রহণ করা হলে,
- অংশীদারদের মধ্যে মুনাফা বন্টনের হার পরিবর্তন হলে,
- অংশীদারী প্রতিষ্ঠান বিলোপসাধন হলে,
- অংশীদারী কারবারকে কোম্পানিতে রূপান্তর করা হলে সুনামের মূল্য নির্ধারণের প্রয়োজন হয়।

গ) যৌথ মূলধনী কোম্পানির ক্ষেত্রে:

- দুই বা ততোধিক কোম্পানির একত্রীকরণ হলে,
- এক কোম্পানি অপর কোম্পানিকে গ্রহণ বা ক্রয় করলে,
- কোম্পানির পূর্ণগঠনের ক্ষেত্রে,
- হোল্ডিং কোম্পানি কিংবা সাবসিডিয়ারি কোম্পানির যৌথ স্থিতিপত্র প্রস্তুত করতে হলে সুনামের মূল্য নির্ধারণের প্রয়োজন হয়।

সু নাম মূল্যায়নে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ

Factors affecting the valuation of goodwill

একটি প্রতিষ্ঠান চালুর সাথে সাথেই সু নাম সৃষ্টি হয় না। প্রতিষ্ঠানের কার্যাবলি ও বহুবিধ গুণাবলির উপর ভিত্তি করে ধীরে ধীরে উক্ত প্রতিষ্ঠানের সু নাম গড়ে ওঠে। সু নাম সৃষ্টি ও মূল্যায়নে প্রভাব বিস্তারকারী প্রধান কয়েকটি উপাদান নিম্নে বর্ণনা করা হলো:

- (i) **প্রতিষ্ঠানের অবস্থান (Location of the enterprise):** প্রতিষ্ঠানের সুবিধাজনক ভৌগলিক অবস্থানের কারণে খরিদারগণ আকৃষ্ট হয়। ফলে বিক্রয় বাড়ে এবং মুনাফা ও সু নাম বৃদ্ধি পায়।
- (ii) **ব্যবসায়ের প্রকৃতি (Nature of the business):** ব্যবসায়ের প্রকৃতির উপর সু নাম অনেকাংশে নির্ভরশীল। যে পণ্যের চাহিদা যত বেশী স্থিতিশীল, তার সু নামের মূল্যও তত বেশী। এছাড়াও যেসব প্রতিষ্ঠানের প্রতিযোগিতার সম্ভবনা কম সেসব প্রতিষ্ঠানের সু নামের মূল্য অধিক ও স্থায়ী হয়।
- (iii) **প্রতিষ্ঠানের বয়স (Age of the enterprise):** নতুন প্রতিষ্ঠানের চেয়ে পুরানো প্রতিষ্ঠানের পরিচিতি বেশী থাকে। ফলে যে প্রতিষ্ঠান যত বেশী পুরনো হবে, সে প্রতিষ্ঠানের সু নামের মূল্যও তত বেশী হবে।
- (iv) **খরিদারের প্রকৃতি (Nature of customers):** খরিদারের প্রকৃতির উপর সু নামের মূল্য অনেকাংশে নির্ভরশীল। পুরাতন খরিদারগণ পুরাতন স্থানে যাওয়ার সম্ভাবনা সর্বাধিক একরকম থাকে না। ফলে সু নামের মূল্য নিরূপণে খরিদারের প্রকৃতিও বিবেচনায় আনতে হয়।
- (v) **পরিচালন দক্ষতা (Managerial efficiency):** প্রতিষ্ঠান পরিচালনার দক্ষতা মুনাফার পরিমাণ বৃদ্ধি করে। ফলে সু নামও বাড়ে।
- (vi) **ব্যক্তিগত নৈপুণ্য (Personal skill):** প্রতিষ্ঠানের কর্মচারীদের আচার-আচরণ, সুমিষ্ট ব্যবহার, বিক্রয় দক্ষতা প্রভৃতি বিক্রয় বৃদ্ধিতে অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করে থাকে। ফলে মুনাফা ও সু নাম বাড়ে।
- (vii) **মূলধনের পরিমাণ (Amount of capital):** মুনাফা অনুপাতে মূলধনের পর্যাপ্ততার উপর ভিত্তি করে সু নামের মূল্য নিরূপিত হয়ে থাকে। অতএব মূলধনের পরিমাণও সু নামকে প্রভাবিত করে।
- (viii) **সরকারের নীতি (Government policy):** সরকারের গৃহীত শিল্প সম্পর্কিত নীতিমালা, আমদানি-রপ্তানী নীতিমালা, প্রভৃতি সংশ্লিষ্ট শিল্পের সু নামকে যথেষ্ট পরিমাণে প্রভাবিত করে।
- (ix) **পেটেন্ট ও ট্রেডমার্কজনিত সুবিধা (Advantages for patent and trade mark):** প্রতিষ্ঠান নির্দিষ্ট পেটেন্ট ও ট্রেডমার্ক একচেটিয়া সুবিধা ভোগ করলে ঐ প্রতিষ্ঠানের সু নাম বৃদ্ধি পায়।
- (x) **কাঁচামালের সহজলভ্যতা (Availability of raw materials):** উৎপাদনের জন্য প্রয়োজনীয় পর্যাপ্ত কাঁচামাল সহজে পাওয়া গেলে উৎপাদন প্রক্রিয়া সর্বদা সচল থাকে। ফলে গ্রাহকদের চাহিদা পূরণ করা সম্ভব হয়। তাতে প্রতিষ্ঠানের সু নাম বৃদ্ধি পায়।

এছাড়াও মুদ্রাবাজারের অবস্থা, দেশের রাজনৈতিক স্থিতিশীলতা, আন্তর্জাতিক পরিস্থিতি প্রভৃতি সু নামের মূল্য নিরূপণে প্রভাব বিস্তার করে থাকে।



সারসংক্ষেপ:

কোম্পানীর একত্রিকরণে, কোম্পানী বিক্রয়ে, কোম্পানীর অবলোপনে, অংশীদারি কারবারে নতুন অংশীদার গ্রহণ বা পুরাতন অংশীদারের অবসর গ্রহণে সু নামের মূল্য নির্ধারণের প্রয়োজন হয়। প্রতিষ্ঠানের সুবিধাজনক অবস্থান, প্রতিষ্ঠানের বয়স, পণ্যের ধরন, ব্যবস্থাপনার দক্ষতা, মূলধনের পর্যাপ্ততা প্রভৃতির উপর সু নাম বহুলাংশে নির্ভরশীল।

পাঠ-২.৩

সুনামের মূল্য নির্ধারণের পদ্ধতিসমূহ
Methods of Goodwill Valuation

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- সুনামের মূল্য নির্ধারণের পদ্ধতিসমূহ ব্যাখ্যা করতে পারবেন।



সুনামের মূল্য নির্ধারণের পদ্ধতিসমূহ

Methods of goodwill valuation

সুনামের মূল্য নির্ধারণের বিভিন্ন বিকল্প পদ্ধতি রয়েছে। এ পদ্ধতিগুলো অভ্যন্তরীণভাবে সৃষ্ট সুনামের মূল্য নির্ধারণের ক্ষেত্রে ব্যবহৃত হয়। নিম্নে সুনামের মূল্য নির্ধারণের পদ্ধতিগুলো উল্লেখ করা হলো:

১. অতীতগড় মুনাফার বর্ষ গুণক পদ্ধতি (Purchase of Past years average profit method): এ পদ্ধতিতে বিগত কয়েক বছরের অর্জিত মুনাফার গড়কে একাধিক বর্ষসংখ্যা দ্বারা গুণ করে সুনামের মূল্য নির্ধারণ করা হয়। এ পদ্ধতি খুবই সহজ এবং বহুলভাবে ব্যবহৃত পদ্ধতি। বিগত বছরের মুনাফার সাথে অস্বাভাবিক কারণে কোনো লাভ হলে তা বিয়োগ করে এবং কোনো ক্ষতি হলে তা যোগ করে দেখাতে হয়। বর্ষগুণক সংখ্যা সংশ্লিষ্ট পক্ষের উপর নির্ভরশীল।

$$\text{Goodwill} = \text{Past years adjusted average profit} \times \text{Years purchase}$$

২. ভারযুক্ত গড় মুনাফার বর্ষগুণক পদ্ধতি (Purchase of past years weighted average Profit method): এ পদ্ধতিটি অনেকটা প্রথম পদ্ধতির অনুরূপ। তবে এখানে যে কয়েক বছরের মুনাফার গড় নেয়া হবে উক্ত বছরগুলোর গুরুত্ব অনুযায়ী ভার (Weight) আরোপ করা হয়। যেমন: ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ সালের মুনাফা বিবেচনায় আনলে ২০১৬ থেকে ২০২০ সালকে যথাক্রমে ১, ২, ৩, ৪, ৫ সংখ্যা দিয়ে ভার আরোপ করে এদের সমষ্টি নিয়ে $[(1+2+3+4+5) = 15]$ দ্বারা ভাগ করলেই ভার যুক্ত গড় পাওয়া যায়।

$$\text{Goodwill} = \text{Past years weighted average profit} \times \text{Years purchase}$$

৩. অতি মুনাফাভিত্তিক পদ্ধতি (Super profit method): অতি মুনাফা বলতে একই ধরনের অন্যান্য প্রতিষ্ঠানের চেয়ে কোনো নির্দিষ্ট প্রতিষ্ঠান যে পরিমাণ বেশী মুনাফা অর্জন করার ক্ষমতা রাখে তাকে বুঝায়। অতি মুনাফা নির্ণয়ে নিম্নোক্ত ধাপগুলো অনুসরণ করতে হয়:-

- বিনিয়োগিত মূলধন নির্ণয় : স্থায়ী সম্পত্তি + চলতি সম্পত্তি - চলতি দায়। অথবা, শেয়ার হোল্ডার ইকুইটি + দীর্ঘমেয়াদী দায়।
- গড় বিনিয়োগিত মূলধন: $\text{বিনিয়োগিত মূলধন} \times \frac{1}{2}$ চলতি বছরের মুনাফা।
- স্বাভাবিক মুনাফা : গড় বিনিয়োগিত মূলধন \times স্বাভাবিক মুনাফার হার।
- অতি মুনাফা : প্রকৃত গড় মুনাফা - স্বাভাবিক মুনাফা

$$\text{Goodwill} = \text{Super profit} \times \text{Years purchase}$$

উল্লেখ্য যে বিনিয়োগিত মূলধন নির্ণয়ে অলস বিনিয়োগ, অলীক সম্পদ, অবচিতি তহবিল প্রভৃতি সম্পত্তি থেকে বাদ দিতে হবে।

৪. মূলধনায়ন পদ্ধতি (Capitalization method): এ পদ্ধতিটি আবার দু'ধরণের। যেমন:

(ক) গড় মুনাফা মূলধনায়ন পদ্ধতি (**Capitalization of average profit**) : এ পদ্ধতিতে যুক্তিসঙ্গত ব্যবস্থাপনা খরচ বাদ দিয়ে বার্ষিক গড় মুনাফা নির্ণয় করা হয়। এ গড় বার্ষিক মুনাফাকে যুক্তিসঙ্গত প্রাপ্তি (Return) হারে মূলধনায়ন করে কারবারের মোট মূল্য নির্ধারণ করা হয়। এক্ষেত্রে ব্যবহৃত সূত্র নিম্নরূপ:

$$\text{Capitalization Value} = \frac{\text{Average Maintainable Profit}}{\text{Normal Rate of Return}}$$

অতঃপর মোট বাস্তব সম্পত্তি থেকে বর্হিদায় বাদ দিয়ে নিট সম্পদ নির্ণয় করতে হয়।

$$\text{Goodwill} = \text{Capitalization Value} - \text{Net Assets}$$

(খ) অতি মুনাফার মূলধনায়ন পদ্ধতি (**Capitalization of super profit**) : এ পদ্ধতিতে গড় অতি মুনাফাকে একটি নির্দিষ্ট প্রাপ্তির হারে মূলধনায়ন করা হয় এবং এ মূলধনায়িত অংকই হলো সুনাম।

$$\text{Goodwill} = \text{Super profit} \times \text{Normal Rate of Return}$$

আবার, এই পদ্ধতিতে নিম্নের সূত্র ব্যবহার করে সরাসরি সুনাম বের করা যায়:

$$\text{Goodwill} = \frac{p-rc}{m}$$

এখানে, p = Average Maintainable Profit, r = Normal rate of return, c = Capital employed and m = Capitalization ratio.

৫. বার্ষিক সমকিস্তি পদ্ধতি (Annuity Method): এ পদ্ধতিতে অতি মুনাফাকে একটি নির্দিষ্ট প্রাপ্তির হারে একটি নির্দিষ্ট সময়ের জন্য বিনিয়োগ হিসেবে গণ্য করা হয়। ঐ নির্দিষ্ট সময় শেষে বিনিয়োগের বর্তমান মূল্যকে সুনাম হিসেবে বিবেচনা করা হয়।

$$\text{Goodwill} = \text{Super profit} \times \text{Annuity Value}$$

যদি Annuity দেয়া না থাকে, তাহলে নিম্নোক্ত সূত্র ব্যবহার করে সরাসরি বার্ষিক পদ্ধতিতে Goodwill নির্ণয় করা যায় :

$$V = \frac{a}{i} \left[1 - \frac{1}{(1+i)^n} \right]$$

এখানে

v = সুনামের মূল্য, a = অতি মুনাফার গড়, i = সুদের হার, n = বছরের সংখ্যা



সারসংক্ষেপ:

কোনো প্রতিষ্ঠানের সুনামের মূল্য নির্ধারণের জন্যে অতীতগড় মুনাফার বর্ষ গুণক পদ্ধতি, ভারযুক্ত গড় মুনাফার বর্ষগুণক পদ্ধতি, অতি মুনাফাভিত্তিক পদ্ধতি, মূলধনায়ন পদ্ধতি ও বার্ষিক সমকিস্তি পদ্ধতি ব্যবহার করা হয়।

পাঠ-২.৪

শেয়ারের মূল্য নির্ধারণের প্রাথমিক আলোচনা

Preliminary Discussion on Valuation of Share



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- শেয়ারের মূল্য নির্ধারণের প্রয়োজনীয়তা বলতে পারবেন।
- শেয়ারের মূল্য নির্ধারণের প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ বর্ণনা করতে পারবেন।
- শেয়ারের মূল্য নির্ধারণের পদ্ধতিসমূহ ব্যাখ্যা করতে পারবেন।



শেয়ারের মূল্য নির্ধারণের প্রয়োজনীয়তা

Necessities of the valuation of shares

একটি দেশের পুঁজি বাজারের অন্যতম প্রধান উপাদান হলো যৌথমূলধনী কোম্পানির শেয়ার। শেয়ার বলতে যৌথ মূলধনী কোম্পানির মূলধনের ক্ষুদ্র ক্ষুদ্র সমান অংশকে বুঝায়। পুঁজি বাজারে তালিকাভুক্ত কোম্পানির শেয়ারের দু'টো মূল্য থাকে। একটি হলো অভিজিত বা লিখিত মূল্য, অন্যটি হচ্ছে বাজার মূল্য। নতুন কোম্পানির ক্ষেত্রে শেয়ারের মূল্য নির্ধারণের প্রয়োজন হয় না। কারণ এক্ষেত্রে কোম্পানির ইস্যুকৃত মূল্যই শেয়ারের মূল্য। তবে ব্যবসায় পরিচালনার ফলে কয়েক বছর পর নিট সম্পদের মূল্যের পরিবর্তন হলে শেয়ারের মূল্যও পরিবর্তিত হয়। এছাড়াও শেয়ারের চাহিদা ও যোগান, কোম্পানির উপার্জন ক্ষমতা, ব্যাংক মূনাফা বা সুদের হার, দেশের অর্থনৈতিক ও রাজনৈতিক পরিস্থিতির কারণেও শেয়ারের মূল্য পরিবর্তিত হয়। মূলত দু'টি উদ্দেশ্যে শেয়ারের মূল্য নির্ধারণের প্রয়োজন পড়ে। যথা: ক. কোম্পানিটি শেয়ার বাজারে তালিকাভুক্ত না হলে, খ. কোম্পানিটি তালিকাভুক্ত হলেও মূল্য তালিকায় উল্লেখিত মূল্য কোনো কারণে গ্রহণযোগ্য না হলে। এছাড়াও নিম্নোক্ত অবস্থায় শেয়ারের মূল্য নির্ধারণের প্রয়োজনীয়তা দেখা দেয়:

১. পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে মালিকানা পরিবর্তন হলে শেয়ারের মূল্য নির্ধারণের প্রয়োজন পড়ে।
২. প্রকৃত অবস্থার সাথে সঙ্গতিপূর্ণ বলে মনে না হলে পাবলিক লিমিটেড কোম্পানির শেয়ারের মূল্য নিরূপণ প্রয়োজনীয় হয়ে পড়ে।
৩. কোনো কোম্পানি জাতীয়করণ হলে শেয়ারের মূল্য নির্ধারণের প্রয়োজন হয়।
৪. হোল্ডিং কোম্পানি গঠনের বেলায় সংখ্যালঘু স্বার্থ নির্ণয়ের জন্যে শেয়ারের মূল্য নির্ধারণের প্রয়োজন হয়।
৫. এক শ্রেণির শেয়ারকে অন্য শ্রেণিতে রূপান্তরের জন্যেও শেয়ার মূল্যায়ন করতে হয়।
৬. ঋণের বিপরীতে জামানত হিসেবে কোনো কোম্পানির শেয়ার গ্রহণ করার ক্ষেত্রেও শেয়ার মূল্যায়ন করতে হয়।
৭. বিনিয়োগকারী কোম্পানির সম্পত্তির মূল্যায়নের প্রয়োজনেও শেয়ার মূল্যায়ন করতে হয়।

শেয়ারের মূল্য নির্ধারণে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ

Factors affecting the valuation of share

প্রতিটি শেয়ারের লিখিত বা অভিজিত মূল্য থাকে। তবে নানাবিধ কারণে শেয়ারের প্রকৃত মূল্য লিখিত মূল্যের চেয়ে কম বা বেশী হতে পারে। শেয়ারের মূল্যের উপর প্রভাববিস্তারকারী প্রধান কয়েকটি উপাদান নিম্নরূপ:

১. কোম্পানির ব্যবসায়ের ধরন বা প্রকৃতি।
২. বাজারে সংশ্লিষ্ট কোম্পানির শেয়ারের চাহিদা ও যোগান।

৩. কোম্পানির মুনাফা অর্জন ক্ষমতা।
৪. ব্যাংকের মুনাফা বা সুদের হার।
৫. কোম্পানির ভবিষ্যৎ অগ্রগতির সম্ভাবনা।
৬. দেশের অর্থনৈতিক ও রাজনৈতিক পরিস্থিতি।
৭. কোম্পানি কর্তৃক বোনাস শেয়ার কিংবা রাইট শেয়ার ঘোষনার সম্ভাবনা।
৮. কোম্পানির লভ্যাংশ ঘোষনার সম্ভাবনা।
৯. কোম্পানির সর্বমোট মূলধনে দায় মালিকানা অনুপাত।
১০. সরকারের অর্থনৈতিক কৌশল ও নীতি।



সারসংক্ষেপ:

শেয়ার বিক্রয়, কর নির্ধারণ, কোম্পানি একত্রিকরণ, এক শ্রেণির শেয়ার অন্য শ্রেণিতে রূপান্তরকরণ, শেয়ার জামিনে গ্রহণের ক্ষেত্রে শেয়ার মূল্যায়ন করা দরকার। ব্যবসায়ের ধরন, কোম্পানির মুনাফা অর্জনের ক্ষমতা, শেয়ারের চাহিদা ও যোগান, দেশের অর্থনৈতিক অবস্থা, রাজনৈতিক অবস্থা, ব্যাংকের সুদের হার, সরকারের অর্থনৈতিক কৌশল ইত্যাদি বিষয়গুলো শেয়ারমূল্য নির্ধারণে প্রভাব বিস্তার করে।

পাঠ-২.৫

শেয়ারের মূল্য নির্ধারণের পদ্ধতিসমূহ
Methods of Share Valuation

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- শেয়ারের মূল্য নির্ধারণের পদ্ধতিসমূহ ব্যাখ্যা করতে পারবেন।



শেয়ার মূল্যায়ন পদ্ধতিসমূহ

Methods of share valuation

প্রতিটি শেয়ারের একটি অভিহিত মূল্য থাকে। আবার শেয়ার বাজারের মূল্য তালিকায়ও শেয়ারের একটি মূল্য থাকে। শেয়ারমূল্য কোম্পানির প্রকৃত অবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা যাচাইয়ের জন্যে শেয়ারের মূল্য নির্ধারণের প্রয়োজন হয়। শেয়ারের মূল্য নির্ধারণের সাধারণত ৩টি পদ্ধতির বহুল ব্যবহার দেখা যায়।

- সম্পত্তিভিত্তিক পদ্ধতি (Assets basis method)
- উপার্জনক্ষমতাভিত্তিক পদ্ধতি (Yield basis method)
- ন্যায্য মূল্য পদ্ধতি (Fair value method)

নিম্নে এ পদ্ধতিগুলো সংক্ষেপে বর্ণনা করা হলো:

i. সম্পত্তিভিত্তিক পদ্ধতি (Assets basis method): এ পদ্ধতিতে কোম্পানির নিট সম্পত্তির ভিত্তিতে শেয়ারের মূল্যায়ন করা হয়। সম্পত্তিসমূহের চলতি বাজারমূল্য থেকে বর্হিদায় বিয়োগ করে নিট সম্পত্তি পাওয়া যায়। নিট মূল্যকে শেয়ারের সংখ্যা দ্বারা ভাগ করলে প্রতি শেয়ারের মূল্য পাওয়া যায়। অর্থাৎ

$$\text{Value per ordinary share} = \frac{\text{Net Assets}}{\text{No. of Ordinary Shares}}$$

ii. উপার্জনক্ষমতা ভিত্তিক পদ্ধতি (Yield basis method): এ পদ্ধতিতে কোম্পানির বিনিয়োগকৃত মূলধনের উপর সম্ভাব্য আয়ের ভিত্তিতে শেয়ারের মূল্য নির্ধারণ করা হয়। শেয়ারের অন্তর্নিহিত মূল্যের চেয়ে বাজার মূল্যকেই এক্ষেত্রে বেশি গুরুত্ব দেয়া হয় বলে এ পদ্ধতিকে বাজার মূল্য ভিত্তিক পদ্ধতিও বলা হয়।

এ পদ্ধতি আবার দু'ধরনের, যথা:

(ক) **মুনাফাভিত্তিক পদ্ধতি (Profit based method):** এক্ষেত্রে অতীত কয়েক বছরের গড় মুনাফা নির্ণয় করা হয়। অতঃপর ভবিষ্যতে সম্ভাব্য পরিস্থিতি বিবেচনায় এনে গড় মুনাফার পরিমাণকে সমমন্বয় করে ভবিষ্যতের সম্ভাব্য প্রত্যাশিত মুনাফা নির্ণয় করতে হয়। এভাবে নির্ণীত সম্ভাব্য মুনাফাকে স্বাভাবিক মুনাফার হারে মূলধনায়ন করে শেয়ারের সংখ্যা দ্বারা ভাগ করে প্রতি শেয়ারের মূল্য নির্ণয় করা হয়। সংখ্যাগরিষ্ঠ শেয়ারের মূল্য নির্ধারণে এ পদ্ধতি ব্যবহৃত হয়। এ পদ্ধতির সূত্র নিম্নরূপ:

$$\text{Capitalized value of expected profit} = \frac{\text{Expected profit}}{\text{Normal rate of return}} \times 100$$

$$\text{Market value per share} = \frac{\text{Capitalized value}}{\text{No. of shares}}$$

(খ) **লভ্যাংশভিত্তিক পদ্ধতি (Dividend based method):** এ পদ্ধতিতে শেয়ারমালিকদের মধ্যে বিতরণযোগ্য লভ্যাংশের ভিত্তিতে শেয়ারের মূল্য নির্ণয় করা হয়। সাধারণত সংখ্যালঘু শেয়ারহোল্ডারদের শেয়ারের মূল্য নির্ণয়ে এ পদ্ধতি ব্যবহৃত হয়। এ পদ্ধতির সূত্র হলো:

$$\text{Rate of dividend} = \frac{\text{Profit available for dividend}}{\text{Paid up capital}} \times 100$$

$$\text{Value per share} = \frac{\text{Rate of dividend}}{\text{Normal rate of return}} \times \text{Paid up value per share}$$

iii.ন্যায্য মূল্য পদ্ধতি (Fair value method): এ পদ্ধতিটি সম্পত্তিভিত্তিক পদ্ধতি ও উপার্জন ক্ষমতা ভিত্তিক পদ্ধতির গড়। এ পদ্ধতিতে কোম্পানির সম্পদের মূল্যকে যেমন গুরুত্ব দেয়া হয় তেমনি আয় উপার্জন ক্ষমতাকে বিবেচনা করা হয় বলে এ পদ্ধতিকে ন্যায্য মূল্য পদ্ধতি বলা হয়। এ পদ্ধতিতে শেয়ারের মূল্য নির্ণয়ের সূত্র নিম্নরূপ

$$\text{Fair value per share} = \left(\frac{\text{Intrinsic value} + \text{Market value}}{2} \right)$$



সারসংক্ষেপ:

যৌথ মূলধনী কোম্পানির মূলধনের ক্ষুদ্র ক্ষুদ্র সমান অংশই হলো শেয়ার। শেয়ারের মালিকানা পরিবর্তন, কোম্পানির জাতীয়করণ, হোল্ডিং কোম্পানি গঠন, শেয়ারের শ্রেণি পরিবর্তন, জামানত হিসেবে শেয়ার গ্রহণ, বিনিয়োগকারী কোম্পানির সম্পত্তির মূল্যায়ন প্রভৃতি কারণে শেয়ারের মূল্য নির্ধারণের প্রয়োজন হয়। কোম্পানির শেয়ারের ধরণ, চাহিদা ও যোগান, ব্যাংকের হার, দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থা, লভ্যাংশ ঘোষণার সম্ভাবনা প্রভৃতি শেয়ারের মূল্যকে প্রভাবিত করে। শেয়ারের মূল্য নির্ধারণের ক্ষেত্রে সম্পত্তিভিত্তিক পদ্ধতি, উপার্জন ক্ষমতা ভিত্তিক পদ্ধতি এবং ন্যায্য মূল্য পদ্ধতি নামে তিনটি পদ্ধতি প্রচলিত আছে।

পাঠ-২.৬

গাণিতিক সমস্যাবলী ও সমাধানসমূহ

Mathematical problems and their Solutions



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- সুনাম মূল্যায়ন সম্পর্কিত গাণিতিক সমস্যাবলি হাতে কলমে সমাধান করতে পারবেন।
- শেয়ার মূল্যায়নের গাণিতিক সমস্যাসমূহ সমাধান করতে পারবেন।

Example 01: Jarin Limited agreed to takeover the business of Jeba Limited with effect from 1st January 2020. The purchasing company agreed to pay for the assets as per book value and also to pay for goodwill to be calculated at 3 times of the average net profit of the last five years. Profits for the years 2015 to 2019 were Tk. 40,000; Tk. 48,000; Tk. 56,000; Tk. 60,000; and Tk. 38,000 respectively. In 2019, there was an abnormal loss of Tk. 20,000 due to loss of stock by theft. Calculate the amount to be paid for goodwill.

Solution: Amount of total profit:	Tk.
2015	40,000
2016	48,000
2017	56,000
2018	60,000
2019	38,000
Add: Abnormal loss in the year 2019	<u>20,000</u>
Amount of total profit=	Tk. 2,62,000

Amount of average profit = Tk. 2,62,000 ÷ 5 = Tk. 52,400

So, goodwill = 52,400 × 3 = Tk. 1,57,200

Example 02: Rahman Limited decides to takeover the business of Safwan Limited agreeing to pay for goodwill on the basis of 3 times of the average super profit of the last five years. From the following information, calculate the amount to be paid for goodwill.

Average capital employed in Safwan Limited is Tk. 25,00,000, profit earn by the similar companies 12% on average capital employed. Profits of Safwan Limited for last 5 years are : Tk. 4,06,000; Tk. 4,46,000; Tk. 4,86,000; Tk. 5,06,000; and Tk. 5,56,000 respectively.

Solution: Average profit = Tk. (4,06,000 + 4,46,000 + 4,86,000 + 5,06,000 + 5,56,000) ÷ 5
 = Tk. 24,00,000 ÷ 5
 = Tk. 4,80,000

Normal profit @12% on Tk. 25,00,000 = Tk. 3,00,000

Average super profit= Tk.(4,80,000 - 3,00,000) = Tk. 1,80,000

So, goodwill at 3 times of the average super profit = Tk. 1,80,000 × 3
 = Tk. 5,40,000

Example 03 : Net Assets of Prime Ltd. is Tk. 10,00,000 and profit of the Company before provision for taxation for the last 6 years are as follows:

2014 Tk. 3,00,000, 2015 Tk. 4,00,000, 2016 Tk. 4,50,000, 2017 Tk. 4,80,000, 2018 Tk. 4,60,000, 2019 Tk. 3,20,000

Taxation provision is to be provided by 40%. Normal rate of return of similar Companies is 12%. You are required to calculate the value of goodwill of Prime Ltd. using capitalization method.

Solution: Calculation of average Profit:

$$\text{Average profit} = \left(\frac{\text{Tk.}3,00,000 + \text{Tk.}4,00,000 + \text{Tk.}4,50,000 + \text{Tk.}4,80,000 + \text{Tk.}4,60,000 + \text{Tk.}3,20,000}{6} \right) = \text{Tk. } 4,01,667$$

$$(-) \text{ Provision for tax } 40\% = \text{Tk. } 1,60,667$$

$$\text{Tk. } \underline{2,41,000}$$

$$\begin{aligned} \text{Capitalized value of profit} &= \frac{\text{Average profit}}{\text{Normal rate of return}} \times 100 \\ &= \frac{\text{Tk. } 2,41,000}{12} \times 100 \\ &= \text{Tk. } \underline{20,08,333} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{Goodwill} &= \text{Capitalized value} - \text{Net assets} \\ &= \text{Tk. } 20,08,333 - \text{Tk. } 10,00,000 \\ &= \text{Tk. } \underline{10,08,333} \end{aligned}$$

Example 04 : The net profits of a company after providing for taxation for past five years are: Tk. 30,000, Tk. 50,000, Tk. 30,000, Tk. 70,000 and Tk. 80,000. Net tangible assets in the business is Tk. 4,00,000 on which normal rate of return is expected to be 10%. It is also expected that the company will be able to maintain its super profits for next five years.

Calculate value of goodwill of the business on the basis of an annuity of super profits, taking the present value of an annuity of one Tk. for 5 years at 10% interest is Tk. 3.78.

Solution:

(i) Calculation of average profit:

$$\begin{aligned} \text{Average profit} &= \frac{\text{Tk. } (30,000 + 50,000 + 30,000 + 70,000 + 80,000)}{5} \\ &= \text{Tk. } 52,000 \end{aligned}$$

(ii) Calculation of super profits:

Average profit	Tk. 52,000
less: Normal return on capital employed (Tk. 4,00,000 × 10%)	Tk. <u>40,000</u>
Super profit	Tk. <u>12,000</u>

$$\begin{aligned} \text{Goodwill} &= \text{Super profit} \times \text{Value of annuity} \\ &= \text{Tk. } 12,000 \times 3.78 \\ &= \text{Tk. } \underline{45,360} \end{aligned}$$

Example 05 : The net profit of the business after tax, for past 4 years are: Tk. 6,00,000; Tk. 8,00,000; Tk. 7,50,000 and Tk. 10,50,000 respectively. The capital employed in the business is Tk. 1,50,00,000. The normal rate of return expected in this type of business is 5%. It is expected that the company will be able to maintain its super profit for next 4 years. Calculate goodwill of Maheen Limited on the basis of capitalization of super profit method when capitalization ratio is 5%.

Solution: Average maintainable profit:

$$\frac{\text{Tk.}(6,00,000 + 8,00,000 + 7,50,000 + 10,50,000)}{4} = \text{Tk. } 8,00,000$$

$$\begin{aligned} \text{Goodwill} &= \frac{p-rc}{m} \\ &= \frac{\text{Tk.}8,00,000 - 5\% \text{ of Tk.}1,50,00,000}{5\%} \\ &= \frac{\text{Tk.}50,000}{5\%} \\ &= \text{Tk. } 10,00,000 \end{aligned}$$

এখানে, p = Average Maintainable Profit, r = Normal rate of return, c = Capital employed and m = Capitalization ratio.

Example06: Given below is the balance sheet of Mamun Ltd as at December 31, 2020.

Mamun Ltd.
Balance Sheet
December 31, 2020

Liabilities	Tk.	Assets	Tk.
Share capital : 20,000 shares @ Tk. 10 each	2,00,000	Plants & Machineries	1,65,000
General Reserves	90,000	Land & Buildings	1,55,000
Taxation Provision	50,000	Trade Marks	10,000
Employee Savings A/c	25,000	Stock in Trade	24,000
Accounts Payable	49,000	Accounts Receivable	44,000
Balance of Profit	16,000	Cash at Bank	26,000
		Preliminary Expenses	6,000
	<u>4,30,000</u>		<u>4,30,000</u>

Profit before tax and rate of dividend for last three years were:

Year	Profit before tax	Rate of dividend
	Taka	
2018	1,00,000	15%
2019	1,50,000	20%
2020	2,00,000	25%

Market yield of similar types of share is 16%.

Compute the value of share:

- (i) If majority holdings are to be sold and
- (ii) Minority holdings are to be sold

Solution:

(i) Value per ordinary Shares if majority holdings are to be sold:

$$\begin{aligned} \text{Average Profit} &= (1,00,000+1,50,000+2,00,000)\div 3 \\ &= 4,50,000\div 3 = 1,50,000 \\ \text{Capitalized value of profit} &= \frac{\text{Expected average profit}}{\text{Normal rate of return}} \times 100 \\ &= \frac{1,50,000}{16} \times 100 = 9,37,500 \\ \text{Market value per ordinary share} &= \frac{\text{Capitalized value of profit}}{\text{No. of Shares}} \\ &= \frac{9,37,500}{20,000} = \text{Tk. 46.88} \end{aligned}$$

(ii) Value per ordinary shares if minority holdings are to be sold :

$$\begin{aligned} \text{Average dividend rate} &= (15\%+20\%+25\%)\div 3 \\ &= 20\% \\ \text{Market value per ordinary shares} &= \frac{\text{Dividend rate} \times \text{Paid up value per share}}{\text{Normal rate of return}} \\ &= \frac{20\% \times 10}{16\%} \\ &= \text{Tk. 12.5} \end{aligned}$$

Example07: Find out the fair value of shares from the following particulars of B ltd.

Balance Sheet

Liabilities	Tk.	Assets	Tk.
20,000 shares of Tk. 10 each fully paid	2,00,000	Goodwill	20,000
Reserves	10,000	Fixed assets	1,60,000
Accounts payable	60,000	Current assets	88,000
		Preliminary expenses	2,000
	<u>2,70,000</u>		<u>2,70,000</u>

Goodwill is valued Tk. 25,000. Fixed assets are valued Tk. 1,50,000. Dividend for the last three years were 13%, 17% and 15%. Normal rate of return is 10%.

Solution: For calculation of fare value at first we should calculate the intrinsic value and market value of shares.

Calculation of net assets for equity shares assets:

Particulars	Tk.
Goodwill	25,000
Fixed assets	1,50,000
Current assets	88,000
	<u>2,63,000</u>
Less: Liabilities (Accounts payable)	60,000
Net assets for equity shareholders	<u>2,03,000</u>

Value of share under net assets method :

$$\begin{aligned}\text{Intrinsic value of share} &= \frac{\text{Net assets}}{\text{Number of equity share}} \\ &= \frac{2,03,000}{20,000} = \text{Tk. 10.15}\end{aligned}$$

Value of share under market value method :

$$\begin{aligned}\text{Market value of share} &= \frac{\text{Average dividend}}{\text{Normal Rate of Return}} \times \text{Paid up value per share} \\ &= \frac{(13+17+15) \div 3}{10} \times 10 = \text{Tk. 15}\end{aligned}$$

Value of share under fair value method :

$$\begin{aligned}\text{Fair value of share} &= \frac{\text{Intrinsic value per share} + \text{Market value per share}}{2} \\ &= \frac{10.15 + 15}{2} \\ &= \text{Tk. 12.575}\end{aligned}$$



সারসংক্ষেপ:

কোনো কোম্পানির সুনামের মূল্য নির্ধারণের ক্ষেত্রে সম্পত্তি ভিত্তিক পদ্ধতি, মূলধনায়ন পদ্ধতি, অতীত গড় মুনাফার বর্ষগুণক পদ্ধতি, অতি মুনাফা ভিত্তিক পদ্ধতি ব্যবহার করা হয়। অনুরূপভাবে শেয়ারের মূল্য নির্ধারণের ক্ষেত্রে আমরা সাধারণত সম্পত্তি ভিত্তিক পদ্ধতি, উপার্জন ক্ষমতা ভিত্তিক পদ্ধতি এবং ন্যায্য মূল্য পদ্ধতি প্রয়োগ করে থাকি।



- ১। সুনাম কী? সুনামের প্রকৃতি ও প্রকারভেদবর্ণনা করুন।
What is goodwill? Describe the nature and types of goodwill.
- ২। সুনাম সৃষ্টিতে সাহায্যকারী উপাদানসমূহ বর্ণনা করুন।
Describe the factors that helping for creating goodwill.
- ৩। সুনামমূল্যায়নে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ বর্ণনা করুন।
Describe the factors that influencing the valuation of goodwill.
- ৪। কখন সুনামের মূল্য নির্ধারণের প্রয়োজন হয়?।
When is it necessary for valuation of goodwill?
- ৫। সুনামের মূল্য নির্ধারণের পদ্ধতিগুলো আলোচনা করুন।
Discuss the methods for valuation of goodwill.
- ৬। শেয়ার কি? শেয়ারের মূল্য নির্ধারণের প্রয়োজনীয়তা বর্ণনা করুন।
What is share? Describe the necessities for the valuation of share.
- ৭। শেয়ারের মূল্য নির্ধারণের উপর প্রভাব বিস্তারকারী উপাদানগুলো ব্যাখ্যা করুন।
Explain the factors affecting the valuation of share.
- ৮। শেয়ারের মূল্য নির্ধারণের পদ্ধতিগুলো বর্ণনা করুন।
State the methods of sharevaluation.
- ৯। Sakib Limited agreed to takeover the business of Karim Limited with effect from 1st January 2020. The purchasing company agreed to pay for the assets as per book value and also to pay for goodwill to be calculated at 4 times of the average net profit of the last five years. Profits for the year 2015 to 2019 were Tk. 58,000; Tk. 62,000; Tk. 65,000; Tk. 70,000; and Tk. 50,000, respectively. In 2019 there was an abnormal loss of Tk. 30,000 due to loss of stock by theft. Calculate the amount to be paid for goodwill using the 4 years purchase of past average profit method.
- ১০। Cumilla Limited agreed to takeover the business of Sylhet Limited with effect from 1st January 2020. The purchasing company agreed to pay for the assets as per book value and also to pay for goodwill to be calculated at 3 times of the average net profit of the last five years. Profits for the year 2015 to 2019 were Tk. 45,000; Tk. 50,000; Tk. 55,000; Tk. 60,000; and Tk. 35,000 respectively. In 2019, there was an abnormal loss of Tk. 20,000 due to loss of stock by theft. Calculate the amount to be paid for goodwill.
- ১১। Net Assets of Nikhil Ltd. is Tk. 10,00,000 and profit of the Company before provision for taxation for the last 6 years are as follows:-
2014 Tk. 3,10,000, 2015 Tk. 4,20,000, 2016 Tk. 4,50,000, 2017 Tk. 5,00,000, 2018 Tk. 4,50,000, 2019 Tk. 3,20,000
Taxation provision is to be provided by 40%. Normal rate of return of similar Companies is 12% You are required to calculate the value of goodwill of Nikhil Ltd. using capitalization method.

১২। The net profits of Janata Ltd after providing for taxation of past five years are: Tk. 40,000, Tk. 60,000, Tk. 35,000, Tk. 70,000 and Tk. 80,000. Net tangible assets in the business is Tk. 5,00,000 on which normal rate of return is expected to be 10%. It is also expected that the company will be able to maintain its super profits for next five years.

Calculate value of goodwill of the business on the basis of an annuity of super profits, taking the present value of an annuity of one Tk. for 5 years at 10% interest is Tk. 3.78.

১৩। Given below is the balance sheet of Munni Ltd as at December 31, 2020.

Munni Ltd.
Balance Sheet
December 31, 2020

Liabilities	Tk.	Assets	Tk.
Share capital : 20,000 shares @ Tk. 10 each	2,00,000	Plants & Machineries	1,65,000
General Reserves	90,000	Land & Buildings	1,40,000
Taxation Provision	40,000	Trade Marks	10,000
Employee Savings A/c	20,000	Stock in trade	20,000
Accounts Payable	40,000	Accounts Receivable	40,000
Balance of Profit	10,000	Cash at Bank	20,000
		Preliminary expenses	5,000
	<u>4,00,000</u>		<u>4,00,000</u>

Profit before tax and rate of dividend of last three years were:

Year	Profit before tax	Rate of Dividend
	Taka	
2018	1,10,000	13%
2019	1,60,000	18%
2020	2,00,000	20%

Market yield of similar types of share is 15%.

Compute the value of share:

- (i) if majority holdings are to be sold and
- (ii) minority holdings are to be sold

১৪। Find out the fair value of shares from the following particulars of Nishan Ltd.

Balance Sheet

Liabilities	Tk.	Assets	Tk.
20,000 Share of Tk. 10 each fully paid	2,00,000	Goodwill	20,000
Reserves	20,000	Fixed assets	1,70,000
Accounts payable	80,000	Current assets	1,00,000
		Preliminary expenses	10,000
	<u>3,00,000</u>		<u>3,00,000</u>

Goodwill is valued Tk. 30,000. Fixed assets are valued Tk. 1,50,000. Dividend of the last three years were 11%, 15% and 13%. Normal rate of return is 10%.